# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৩১৩

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (كتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৩৭. শাফা'আতের আলোচনা

بَاب ذِكْرِ الشَّفَاعَةِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَرْوَانَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ حَدَّثَنَا عَنْبَسَةُ بْنُ عَبْدِ الرَّحْمَٰنِ عَنْ عَلَّاقِ بْنِ أَبِي مُسْلِمٍ عَنْ أَبَانَ بْنِ عُثْمَانَ عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَشْفَعُ يَوْمَ الْقِيَامَةِ ثَلَاثَةٌ الْأَنْبِيَاءُ ثُمَّ الْعُلَمَاءُ ثُمَّ الشُّهَدَاءُ

বাংলা

৭/৪৩১৩। উষমান ইবনে আফফান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন তিন শ্রেণীর লোক শাফা’আত করবে। নবীগণ, অতঃপর আলেমগণ, অতঃপর শহীদগণ।

## English

It was narrated from ‘Uthman bin ‘Affan that the Messenger of Allah (ﷺ) said:
“Three will intercede on the Day of Resurrection: The Prophets, then the scholars, then the martyrs.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। মিশকাত ৫৬১১, তাখরীজুত তাহাবিয়াহ ২০৮, যইফাহ ১৯৭৮। তাহকীক আলবানীঃ বানোয়াট। উক্ত হাদিসের রাবী ১. আম্বাসাহ বিন আব্দুর রহমান সম্পর্কে ইমাম বুখারী বলেন, হাদিস বিশারদগণ তার হাদিস প্রত্যাখ্যান করেছেন। ইমাম তিরমিযি ও আবু দাউদ আস-সাজিসতানী তাকে দুর্বল বলেছেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি বানিয়ে হাদিস বর্ণনা করেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৫৩৬, ২২/৪১৬ নং পৃষ্ঠা) ২. আল্লাক বিন আবু মুসলিম সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি এককভাবে হাদিস বর্ণনা করলে তার

ঐ হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য হবে না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৫৯৬, ২২/৫৪৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45278

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন